

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯-০২-১৪১২ বঙ্গাব্দ/০২-০৬-২০০৫ খ্রিস্টাব্দ

নং এস, আর, ও ১৩৩-আইন/২০০৫/২০৬৯/শুল্ক।- Customs Act, 1969, (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর **FIRST SCHEDULE** ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এ বর্ণিত **H.S.Code** এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) অনুচ্ছেদ ২ এ বর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

টেবিল

H.S. Code	Description
(1)	(2)
8414.10.00	Universal Suction Pumps
8414.10.00	Vacuum pump
8414.10.00	Vacuum System installation e.g. Vacuum pump, pipes & outlets etc
8416.20.00	Fully automatic porcelain furnace
8416.20.00	Incinerator for medical wastes.
8416.20.00	Full automatic burnout furnace
8418.50.00	Embryo Freezer
8418.50.00	Blood Bank Refrigerator (Fixed temp.)
8418.50.00	Mortuary Freeze
8418.69.90	Ice Slush Maker
8419.20.00	Formal Dehyde Sterilizer machine
8419.20.00	Glass bead sterilizer
8419.20.00	E.O. Gas Sterilizer machine
8419.20.00	Autoclave machine
8419.20.00	EO Gas / Formaldehyde Indicator
8419.20.00	Instrument Sterilization Containers
8419.20.00	Steam sterilizer machine
8419.39.00	X-ray drier machine
8421.21.94	R.O Machine
8421.21.94	Distilled Water Plant
8421.39.90	Circulating Air Bacterial Filter System
8443.32.10	Printer for U.S.G/Echocardiography

H.S. Code	Description
(1)	(2)
8528.41.00	Holter monitor; Portable monitor; Cardiac screen; Slave fluro and slave
8528.51.00	monitor; Bed side monitor; Cardiac monitor for operation theatre; Slave cardiac monitor; Cardiac monitors- Invesive/Non-invesive with modules; Central cardiac monitor system; Several types of monitors specialized for real time display and offline display; Cardiac output monitor”;
8537.10.10	Operation Theater Control Panel
8539.22.90	UV lamps
9002.19.00	Gonioscopy Lens
9002.19.00	Laser lenses
9002.19.00	VOLK lenses, and fundus fluorescien angiography (FFA) before laser treatment.
9002.19.00	3 & 4 mirror lenses
9006.30.00	Fundus Cameras for colour fundus photography
9006.30.00	Camera
9006.30.00	CCD Camera for cardiac surgery
9011.80.00	High resolution Operating Microscopes
9011.80.00	Microscope
9012.10.00	Fluorescent Microscope
9013.20.00	Laser Machines
9013.20.00	Coherent Endolaser Machine
9013.20.00	YAG Laser System for Urological Procedures
9018.11.00	ECG machine
9018.12.00	Digital black and white USG – high end
9018.12.00	USG machine
9018.12.00	Color Doppler USG for echocardiography
9018.12.00	Dexa scan for BMD (Bone mineral density)
9018.12.00	Color droppler machine
9018.12.00	Digital 4D colour Doppler ultrasonogram
9018.13.00	MRI – 1.5T whole body TIM (Total Imaging Matrix).
9018.19.00	Acrobat Suv Vacuum Stabilizer, X-pose & Access Devices
9018.19.00	Scrub Station 3 Bay-OT Scrub
9018.19.00	Endovision UROCAM SL, color system PAL
9018.19.00	Dosimeter & Survey meter
9018.19.00	ELISA Automated Microplate washer
9018.19.00	Fetal monitor
9018.19.00	Modules for Cardiac Monitors e.g. ECG, SPO2, Temp., NIBP, IBP, ETCO2, CO
9018.19.00	High Frequency Centrifugal Casting Machine

H.S. Code	Description
(1)	(2)
9018.19.00	B Scan
9018.19.00	Pediatric Esophagoscope
9018.19.00	Ureteroscope
9018.19.00	Flexible Uretero-Fiberscope
9018.19.00	Neonate Cystoscope-Urethroscope set
9018.19.00	Pediatric Cystoscope Set
9018.19.00	Angiography machine with DSA System
9018.19.00	Angiojet machine
9018.19.00	ACT machine
9018.19.00	Coronary Sinus Pacing Systems
9018.19.00	DSA – (Digital subtraction angiography)
9018.19.00	Fiberoptic Bronchoscope Biopsy
9018.19.00	Humaclot
9018.19.00	Lab Rotator
9018.19.00	MAC Lab for Haemodynamic Study
9018.19.00	Pediatric Resectoscope Set
9018.19.00	Pediatric Optical Urethrotome Set
9018.19.00	Adult Cystoscope Set
9018.19.00	Adult Resectoscope Set
9018.19.00	LEEP excision machine for treatment of cancer
9018.19.00	Nasoendoscope and light source
9018.19.00	Coronary flow meter (TTFM)
9018.19.00	Patient monitoring machine and oxymeters
9018.19.00	CTG machine
9018.19.00	DCA
9018.19.00	Easylyte Plus (Na/K/Cl)
9018.19.00	E.T.T. machine with or without B.P machine (Automatic)
9018.19.00	Fetal Doppler Machine
9018.19.00	Rotablator Machine
9018.19.00	Auto Film Processor
9018.19.00	Cardiac Review Station for Angiography
9018.19.00	Pressure Monitoring (PM) Lines
9018.19.00	Easylyte plus
9018.19.00	Herpendens stadiometer
9018.19.00	Laminar flow system
9018.19.00	Bronchoscopy set
9018.19.00	Blood culture machine
9018.19.00	Water bath

H.S. Code	Description
(1)	(2)
9018.19.00	Adult Optical Urethrotome Set
9018.19.00	Endoscopic equipment including laparoscope, hysteroscope and resectoscope and their accessories
9018.19.00	Uretero-Renoscope
9018.19.00	Lab ratator
9018.19.00	Transducer Set
9018.19.00	Block System for Electrophysiology
9018.39.00	Cannulas
9018.49.00	Full automatic Electric Dental Unit (Chair, Doctor and assistant stool, Air turbine, Micro motor, High suction, Saliva ejector, 3 –way syringe etc.)
9018.49.00	Ultrasonic diathermy
9018.49.00	Ultrasonic Scalar
9018.49.00	Light cure machine
9018.50.00	Keratometry
9018.50.00	Biothesiometer
9018.50.00	Instruments for Enucleation and Evisceration with prosthesis.
9018.50.00	Ceiling mounted Operation Microscope
9018.50.00	Specular Microscope for corneal endothelial cells count,
9018.50.00	Indirect Ophthalmoscopes
9018.50.00	Baby incubators
9018.50.00	Phaco Machine
9018.50.00	Biplane Cath-Lab
9018.50.00	Instruments & equipments for VR surgery.
9018.50.00	Instruments of Lids surgery
9018.50.00	Instruments of squint surgery
9018.50.00	Combilyzer
9018.50.00	Cryo cautery machine
9018.50.00	Cryocan
9018.50.00	Direct Ophthalmoscopes
9018.50.00	Lensometer
9018.50.00	Ophthalmometer
9018.50.00	All instruments & equipments for glaucoma surgery.
9018.50.00	Applanation tonometers
9018.50.00	Cryo instruments for inoperable glaucoma cases.
9018.50.00	Instruments of DCR operation
9018.50.00	CARTO electro magnetic mapping system
9018.50.00	Keratoplasty instruments

H.S. Code	Description
(1)	(2)
9018.50.00	Visual field analyzers
9018.50.00	Cryopreservation Unit for Homo graft
9018.50.00	A Scan
9018.50.00	Vitreotomy Machine
9018.90.20	Dialysis machine with or without Dialyzer with or without blood line
9018.90.30	Baby warmer machine
9018.90.50	Suction Apparatus- wall mounted/Floor mounted
9018.90.50	Thoracic Suction Pump Low Suction unit
9018.90.90	Scrub station machine
9018.90.90	PCNL set
9018.90.90	ECMO machine
9018.90.90	Dietrich Coronary Artery Kit Set
9018.90.90	Cardio-Thoracic Cardiotomy Set
9018.90.90	Medical Trunking System for ICU
9018.90.90	Micro controller based Electro Surgical Generator for all General Surgical procedures
9018.90.90	Hyper / Hypothermia unit
9018.90.90	Endometrial thermal ablation equipment
9018.90.90	CABG Supplementary Set
9018.90.90	Fibrillator machine
9018.90.90	Pressure Infusor
9018.90.90	Model trimmer
9018.90.90	Vascular set & clamps
9018.90.90	TMLR machine
9018.90.90	High speed Drill machine
9018.90.90	Coronary Vacuum stabilizer
9018.90.90	CO2 - Incubator with 121° Decontamination and 3 door.
9018.90.90	Medical oxygen installation system e.g. Manifold room equipments, Copper pipes, ZSU, outlet etc
9018.90.90	Surveyors
9018.90.90	Equipments for Central Medical Gas Pipe Line(MPL) & Vacuum system
9018.90.90	Defibrillator with monitor
9018.90.90	Defibrillator machine with Defibrillator patch
9018.90.90	LVAD, RVA 1D, BIVAD
9018.90.90	Nitrous Oxide systems installation e.g. Manifold room equipments, Copper pipes, ZSU, outlet etc
9018.90.90	PSA (O2 Manufacturing Plant)

H.S. Code	Description
(1)	(2)
9018.90.90	Injector
9018.90.90	Infusion pump
9018.90.90	Loupes surgical
9018.90.90	Stylet
9018.90.90	Set of metal sucker & connectors
9018.90.90	System for Signal averaged E.C.G
9018.90.90	System for transtelephonic E.C.G
9018.90.90	Intra aortic balloon pump (IABP)
9018.90.90	Spirometer
9018.90.90	Ovum Aspiration set with Kraft pump
9018.90.90	Defibrillator with external & Internal paddle
9018.90.90	Vacuum stabilizer for beating heart
9018.90.90	Cardio Thoracic Lung & Rib Set
9019.10.10	Pneumatic Lithotripsy
9019.10.10	Electrophysiology measurement and tracing
9019.10.10	Linear Accelerator for therapy
9019.10.10	Programmable Stimulator
9019.20.10	Anesthesia machine and oxygen therapy machines
9019.20.10	Anesthesia machine with Ventilator and monitor
9019.20.10	Heart Lung Machine
9019.20.10	Oxygen delivery system
9019.20.10	Ventilator / Artificial respirator
9019.20.10	TPM Lead.
9019.20.10	Online oxymeter
9019.20.10	Amboobag (Adult & pediatric) with or without set
9019.20.10	Oxymeter machine
9019.20.90	ICU Ventilator
9019.20.90	IVUS system
9019.20.90	Vaporizer for volatile Anesthetics
9020.00.00	Breathing Circuits
9021.50.00	External Sequential Chamber Pacemaker (A-V)
9021.50.00	Pacemaker and AICD Lead extraction apparatus (Byrod sheath, Metallic sheath, Long sheath, Amplatz snare)
9022.12.00	Mammography with stereotactic biopsy
9022.12.00	Electron beam CT.
9022.12.00	16/32/64 slice CT.B60
9022.13.00	OPG (Dental X-ray)
9022.14.00	C-Arm machine

H.S. Code	Description
(1)	(2)
9022.14.00	Digital X-ray Radiology.
9022.14.00	Orthopentomogram X-Ray machine
9022.14.00	Mobile X-ray machines
9022.14.00	Digital – 1000 mA – Fluoroscopy
9022.21.00	Gamma Camera with facilities for nuclear imaging.
9022.21.00	SPECT / Gamma Camera
9027.80.00	Haemo filter
9027.80.00	Rib Spreader
9027.80.00	Cardiac Enzyme Analyzer
9027.80.00	Haemo dialyser
9027.80.00	Automatic Hematology Analyzer
9027.80.00	Humalyzer
9027.80.00	Bio Impedance Body Analyzer
9027.80.00	Blood Gas analyzer & Electrolyte analyzer
9027.80.00	ELISA reader
9027.80.00	Immuno Analyzer (Immulite)
9027.80.00	Cool Tip Flow machine
9027.80.00	Biolyte 2000 (Na/K/C1)
9027.80.00	Blood cell saver
9030.33.00	Capnometer wit
9030.39.00	Capnometer wit
9402.90.90	Modern Operating table preferably with electronic maneuverability
9402.90.90	Operation Table Manual/Electrical
9405.10.10	Spotlight (Portable) with halogen bulb
9405.40.30	Emergency mobile light on stands
9405.40.30	Operating Light
9405.40.30	Ceiling mounted operating theater light
9405.40.30	OT Light and ICCTV facility
9405.40.90	Fiber Optic Head Light and Lamp
9405.40.90	Light source and cable.
9405.40.90	XENON/Halogen light source with cable
9405.40.90	Halogen light source with cable
9506.91.00	Treadmill

২। শর্তসমূহ :-

(১) টেবিলে উল্লিখিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানিকারক প্রতিষ্ঠানকে রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্ত হইতে হইবে।

^১ [(২) বিলুপ্ত।]

(৩) শর্ত (১) এর অধীন তালিকাভুক্তির জন্য আমদানিকারক প্রতিষ্ঠানকে “ফরম-ক” অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ডে, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, আবেদন করিতে হইবে।

(৪) শর্ত (৩) অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্র বোর্ড যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রদানের নিমিত্ত এতদুদ্দেশ্যে গঠিত কমিটির নিকট প্রেরণ করিবে এবং কমিটির সুপারিশ বিবেচনা করিয়া বোর্ড “ফরম-খ” অনুযায়ী আমদানিকারককে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্ত হইয়াছে মর্মে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে, এবং যদি কমিটির প্রতিবেদনে কোন হাসপাতালকে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তির সুপারিশ না করা হয়, তাহা হইলে বোর্ড তৎনির্ধারিত পদ্ধতিতে উক্ত হাসপাতাল কর্তৃপক্ষকে রেফারাল হাসপাতাল হিসাবে গণ্য না করার কারণ লিখিতভাবে অবহিত করিবে।

(৫) রেফারাল হাসপাতাল কর্তৃক কোন চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ রেয়াতী হারে আমদানি পরবর্তী ০৩(তিন) মাসের মধ্যে স্থাপন করিতে হইবে এবং এ সকল যন্ত্রপাতি বা উপকরণ কোনক্রমেই কোন হাসপাতাল বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্যকোনভাবে হস্তান্তর করা যাইবে না।

(৬) এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত লংঘনক্রমে যদি কোন আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ অন্য কোন হাসপাতাল বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হয়, তাহা হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত গুল্ক-করাদি সংশ্লিষ্ট রেফারাল হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হইতে আদায় করা হইবে।

(৭) রেয়াতী সুবিধার আওতায়-

(ক) আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ খালাসকালে আমদানিকারককে ‘পরিশিষ্ট-ক’ মোতাবেক যথাযথ মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর একটি ইনডেমনিটি বন্ড সংশ্লিষ্ট গুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(খ) আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ সঠিকভাবে সংশ্লিষ্ট হাসপাতালে স্থাপিত হইয়াছে মর্মে ‘পরিশিষ্ট-খ’ মোতাবেক এতদুদ্দেশ্যে গঠিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে ইনডেমনিটি বন্ড ফেরতযোগ্য হইবে।

ব্যাখ্যা।- এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে-

(১) “রেফারাল হাসপাতাল” বলিতে সড়হড় ফরংপরচম্বরহধু অথবা সঁমঃর ফরংপরচম্বরহধু হাসপাতালকে বুঝাইবে এবং উক্ত হাসপাতালের বৈশিষ্ট্য হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) mono disciplinary Hospital এর শয্যা সংখ্যা ন্যূনতম ১৫০ এবং multi disciplinary Hospital এর শয্যা সংখ্যা ন্যূনতম ৩০০ হইতে হইবে;

(খ) হাসপাতালটি উহার নিজস্ব ভবনে যথাযথ আর্থিক সামর্থ অনুযায়ী পরিচালিত হইতে হইবে;

(গ) উক্ত হাসপাতালের বিভাগসমূহ সংশ্লিষ্ট বিষয়ে (respective discipline) অনূন ০২(দুই) জন স্নাতকোত্তর ডিগ্রীধারী ও সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক দ্বারা পরিচালিত হইতে হইবে;

^১ এস.আর.ও ৩০৪-আইন/২০০৫/২০৯৯/গুল্ক-তারিখ ৩০-১০-২০০৫ দ্বারা সংশোধিত।

- (ঘ) পর্যাপ্ত ও অত্যাধুনিক চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ ব্যবহারের সুযোগ থাকিতে হইবে এবং যথাযথ ব্যবস্থা সম্পন্ন হইতে হইবে;
- (ঙ) আন্তর্জাতিক মানসম্পন্ন বিশেষায়িত এবং উন্নত চিকিৎসা সুবিধা প্রদানের যোগ্যতা সম্পন্ন হইতে হইবে ;
- (চ) গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণা সংক্রান্ত সুযোগ-সুবিধা সম্পন্ন হইতে হইবে; এবং
- (ছ) দেশের অন্যান্য চিকিৎসা প্রতিষ্ঠানকে পরামর্শক সেবা প্রদানে সক্ষম হইতে হইবে;
- (২) “কমিটি” বলিতে এই প্রজ্ঞাপনের “পরিশিষ্ট -গ” অনুযায়ী গঠিত কমিটিকে বুঝাইবে।

“ফরম-ক”

(রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তি ও প্রত্যয়নপত্রের আবেদন)

[শর্ত (৩) দ্রষ্টব্য]

বরাবর,

চেয়ারম্যান,
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তকরণ ও প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদন।

জনাব,

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নং এস, আর, ওতারিখঃ..... এর আলোকে নিম্নবর্ণিত হাসপাতালটিকে রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্তকরণ ও প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যসহ আবেদন পেশ করিলাম :-

- ১। হাসপাতালের নাম ও ঠিকানা (টেলিফোন/ফ্যাক্স, ইমেইল, ইত্যাদি নম্বরসহ)ঃ
- ২। হাসপাতাল প্রতিষ্ঠার তারিখঃ.....
- ৩। সরকারী অনুমোদন/রেজিস্ট্রেশন প্রাপ্ত হইলে উহার নম্বর ও তারিখঃ
- ৪। হাসপাতালের ধরন (mono disciplinary A_ev multi disciplinary)ঃ ...
- ৫। হাসপাতালের মোট শয্যা সংখ্যাঃ
- ৬। স্নাতকোত্তর ডিগ্রিধারী চিকিৎসকের সংখ্যাঃ
- ৭। গবেষণা কার্যক্রমের জন্য পৃথক ব্যবস্থা আছে কিনাঃ
- ৮। হাসপাতালের নিজস্ব জমি ও ভবনের বিবরণঃ
 - (ক) জমির পরিমাণঃ.....
 - (খ) ভবনের মেবের আয়তনঃ.....
- ৯। হাসপাতালের আর্থিকভাবে স্বচ্ছলতার বিবরণঃ.....
 - (ক) হাসপাতালের আয়ের উৎসঃ.....
 - (খ) বিগত ১(এক) বৎসরের আয়-ব্যয়ের হিসাবঃ.....

- ১০। হাসপাতালে ব্যবহৃত চিকিৎসা যন্ত্রপাতি বা চিকিৎসা উপকরণের তালিকাঃ
- ১১। হাসপাতালে বহির্বিভাগে চিকিৎসা সেবা দেয়া হয় কিনাঃ
- ১২। হাসপাতাল পরিচালনা কমিটি সংক্রান্ত তথ্য, সদস্যবৃন্দের নাম এবং কমিটি কখন, কিভাবে গঠিত হইয়াছেঃ.....

(বিঃদ্রঃ ক্রমিক নং ৩,৫,৮,৯,১১ ও ১২ এর ক্ষেত্রে দালিলিক প্রমাণপত্র আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে এবং প্রয়োজনে তথ্যের জন্য পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে।)

আবেদনকারীর নাম

(স্বাক্ষর ও সীল)

.....

“ফরম-খ”
(তালিকাভুক্তির প্রত্যয়নপত্র)
[শর্ত (৪) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং তাং..... এর অনুচ্ছেদ ২এ বর্ণিত শর্ত (৩) এর অধীন প্রাপ্ত আবেদন সম্পর্কে এতদুদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশ বিবেচনা করিয়া জাতীয় রাজস্ব বোর্ড মেসার্স (হাসপাতালের নাম ও পূর্ণ ঠিকানা) কে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্ত করিল।

উল্লিখিত হাসপাতালের তালিকাভুক্তি নম্বরঃ.....তারিখঃ.....।

তারিখ :

()

“পরিশিষ্ট-ক”
(ইনডেমনিটি বন্ড)
[শর্ত (৭)(ক) দ্রষ্টব্য]

অদ্য..... জনাব/মেসার্স..... রেজিস্টার্ড
অফিস.....(অতঃপর আমদানিকারক বলিয়া উল্লিখিত, যাহাতে তাহার/তাহাদের উত্তরাধিকারী, প্রশাসক, নির্বাহ এবং অধিকারপ্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন) প্রথম পক্ষ এবং বাংলাদেশের রাষ্ট্রপতি, কমিশনার অব কাস্টমস এর মাধ্যমে (অতঃপর কমিশনার অব কাস্টমস বলিয়া উল্লিখিত) দ্বিতীয় পক্ষ এর মধ্যে অত্র ইনডেমনিটি বন্ড সম্পাদিত হইলঃ

যেহেতু অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং..... তাং.....-এ উল্লিখিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাধীনে সমৃদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে খালাস প্রদান করা হইবে; এবং

যেহেতু আমদানিকারক কর্তৃক ঋণ পত্র নং..... তারিখ এর ভিত্তিতে ইনভয়েস নং..... তারিখ.....বিল অব লেডিং/ এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং..... তারিখ..... এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানি করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ..... (হাসপাতালের পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে এবং বর্ণিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ উল্লিখিত হাসপাতালে স্থাপন করিতে ব্যর্থ হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক করাদি বাবদ টাকা কমিশনার অব কাস্টমস এর নিকট হইতে এতদুদ্দেশ্যে জারিকৃত দাবিনামা প্রাপ্যতার তারিখ হইতে ১৪(চৌদ্দ) দিনের মধ্যে পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিবে ;

সেহেতু নিম্নে উল্লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে আমদানিকারক, মেসার্স/জনাব এতদ্বারা প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণের ক্ষেত্রে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি বাবদ..... টাকা কমিশনারের দাবীক্রমে বিনা ওজর আপত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং কমিশনারকে উক্ত শুল্ক-করাদি বাবদ রাজস্ব ক্ষতির দায়দায়িত্ব মুক্ত করিবেন; এবং উল্লিখিত পরিমাণ রাজস্ব আদায়ের জন্য কমিশনার কর্তৃক যে পরিমাণ অর্থ খরচ হইবে তাহাও আমদানিকারক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

আমদানিকারক আরও প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা উপরে উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত যে কোন শর্ত পালন করিতে ব্যর্থ হইলে আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণের উপর রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি বাবদ..... টাকা Customs Act, 1969 Gi section 202 এর বিধান মোতাবেক তাহার/তাহাদের নিকট হইতে আদায় করা যাইবে।

এই ইনডেমনিটি বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সংগে সংগে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে; অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

১। সাক্ষী

২। সাক্ষী

জনাব/মেসার্স.....

(ঠিকানা)

(স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক)

(নাম এবং স্থায়ী ঠিকানা)

.....

“পরিশিষ্ট-খ”
(কমিটির প্রতিবেদন)
[শর্ত (৭)(খ) দ্রষ্টব্য]

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ সরেজমিন তদন্তের ভিত্তিতে এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স (হাসপাতালের নাম ও পূর্ণ ঠিকানা) মূসক নিবন্ধন নং..... রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্তি নং তাং.....ইনভয়েস নং.....তারিখ এর মাধ্যমে আমদানিকৃত এবং শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং তারিখ এর মাধ্যমে খালাসকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ..... ঠিকানায় অবস্থিত হাসপাতালে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে।

তারিখঃ

স্বাক্ষর

নাম-

পদবী ও দাপ্তরিক ঠিকানা-

টেলিফোন নং-

“পরিশিষ্ট গ”
কমিটির গঠন ও দায়িত্ব
[অনুচ্ছেদ ২ এর ব্যাখ্যা (২) দ্রঃ]

১। কমিটির গঠন।- নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথাঃ-

- (ক) জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস), চেয়ারম্যান;
- (খ) স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, সদস্য;
- (গ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত উক্ত অধিদপ্তরের তিনজন চিকিৎসক প্রতিনিধি, সদস্য।

২। কমিটির দায়িত্ব।- কমিটি নিম্নরূপ দায়িত্ব পালন করিবে, যথাঃ-

- (ক) রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরম-ক অনুসারে আবেদন প্রাপ্তির পর বোর্ড উহা কমিটির নিকট প্রেরণ করিলে কমিটি সংশ্লিষ্ট হাসপাতাল সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে আবেদনকারী প্রতিষ্ঠান রেফারাল হাসপাতাল হিসাবে বিবেচনা করা হইবে কিনা সে বিষয়ে বোর্ডের নিকট সুপারিশ পেশ করিবে;
- (খ) রেফারাল হাসপাতাল কর্তৃক আমদানিকৃত এবং এ সংক্রান্ত রেয়াতী প্রজ্ঞাপনের আলোকে খালাসকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ যথাসময়ে ও যথাযথভাবে স্থাপনপূর্বক ব্যবহার হইতেছে কিনা

এবং যুক্তিসংগত মূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হইতেছে কিনা তাহা এই কমিটি, সময়ে সময়ে, পরিদর্শনপূর্বক যাচাই করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(খায়রুজ্জামান চৌধুরী)
সচিব।

* এস,আর,ও নং ১৫০-আইন/২০০৭/২১৪৯/শুল্ক, তারিখ ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।